# Bidhyadhara

নতুন সংস্করণ

# ENGLISH GRAMMAR

One

Translation & Composition

Bidhyadhara Prokashani

# STEP ONE : GRAMMAR

## UNIT ONE
## LANGUAGE AND GRAMMAR

### (ল্যাংগুয়েজ এ্যান্ড গ্রামার)-ভাষা এবং ব্যাকরণ

**Language** (ভাষা) সম্পর্কে ধারণা : Language অর্থ ভাষা। মানুষ মনের ভাব প্রকাশের জন্য যেসব অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টি ব্যবহার করে, সেগুলোকে ইংরেজিতে Language বা ভাষা বলে।

**Question : Language (ভাষা) কাকে বলে?**

**Answer** : মানুষ একে অপরের সাথে কথা বলে মনের যে ভাব প্রকাশ করে, একে Language (ভাষা) বলে।

**Question: Mother Language (মাতৃভাষা) কাকে বলে?**

**Answer** : মানুষ মনের ভাব প্রকাশ করার জন্য মায়ের কাছ থেকে যে ভাষা শিখে তাকে Mother Language (মাতৃভাষা) বলে।

**Question : English Language (ইংরেজি ভাষা) কাকে বলে?**

**Answer** : আমরা বাঙালি, আমাদের Language (ভাষা) বাংলা। তেমনি ইংল্যান্ডের লোক ইংরেজ। তাদের Language (ভাষা) ইংরেজি। **ইংরেজরা যে ভাষায় কথা বলে একে English Language বা ইংরেজি ভাষা বলে।** English Language (ইংরেজি ভাষা)-এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশের লোক পারস্পরিক যোগাযোগ রক্ষা করে। তাই English Language (ইংরেজি ভাষা)-কে International Language (ইন্টারন্যাশনাল ল্যাংগুয়েজ) আন্তর্জাতিক ভাষা বলা হয়।

**Grammar** (ব্যাকরণ) সম্পর্কে ধারণা : ভাষা বলার সময় বা লেখার সময় কিছু নিয়ম, বিধিনিষেধ, ব্যবহার ও রীতি-নীতি মানতে হয়। আর এগুলোকেই Grammar (ব্যাকরণ) বলে।

**Question : Grammar (ব্যাকরণ) কাকে বলে?**

**Answer** : প্রত্যেক ভাষা শেখার সঠিক নিয়ম-কানুনকে Grammar (ব্যাকরণ) বলে।

**Question : English Grammar (ইংরেজি ব্যাকরণ) কাকে বলে?**

**Answer :** যেসব নিয়ম-কানুন, রীতি-নীতির মাধ্যমে English Language (ইংরেজি ভাষা) শুদ্ধ রূপে বলা, পড়া ও লেখা যায়; সেসব নিয়ম-কানুনকে একত্রে English Grammar (ইংরেজি ব্যাকরণ) বলা হয়।

**Question : English Grammar (ইংরেজি ব্যাকরণ)-কে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী?**

**Answer :** English Grammar (ইংরেজি ব্যাকরণ)-কে পাঁচ ভাগে ভাগ করা যায়। যথা :

1. Orthography (অর্থোগ্রাফী)-বর্ণ প্রকরণ।
2. Etymology (ইটিমোলজি)-শব্দ প্রকরণ।
3. Syntax (সিনট্যাকস্)-বাক্য প্রকরণ।
4. Punctuation (পাংচুয়েশন)-বিরাম চিহ্ন প্রকরণ।
5. Prosody (প্রোসোডি)-ছন্দ প্রকরণ।

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Language (ভাষা) কাকে বলে?
2. Mother Language (মাতৃভাষা) কাকে বলে?
3. Grammar (ব্যাকরণ) কাকে বলে?
4. English Grammar (ইংরেজি ব্যাকরণ) কাকে বলে?
5. English Grammar (ইংরেজি ব্যাকরণ)-কে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী?
6. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন)।**
   সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো।

   A. **Language অর্থ—**
   ○ বর্ণ　○ ধ্বনি
   ○ ভাষা　○ বাক্য

   B. **Mother Language অর্থ—**
   ○ বাক্য　○ মাতৃভাষা
   ○ মায়ের বাক্য　○ মাতৃভূমি

   C. **Grammar অর্থ—**
   ○ ব্যাকরণ　○ বাক্য
   ○ শব্দ　○ ভাষা

# UNIT TWO
# LETTER AND ALPHABET
## (লেটার এ্যান্ড অ্যালফাবেট)-বর্ণ এবং বর্ণমালা

**Letter সমপর্কে ধারণা :** Letter অর্থ বর্ণ বা অক্ষর। প্রত্যেক ভাষারই নিজস্ব Letter বা বর্ণ আছে। Letter ছাড়া কোনো ভাষা লেখা যায় না। যেমন : বাংলা বর্ণ (Letter) অ, আ, ক, খ ইত্যাদি, ইংরেজি বর্ণ (English Letter) A, B, C, D ইত্যাদি।

**Question : Letter (বর্ণ) কাকে বলে?**

**Answer :** Language বা ভাষাকে লিখে প্রকাশ করার জন্য যেসব চিহ্ন ব্যবহার করা হয়, সেগুলোকে (Letter) (বর্ণ) বলে। যেমন : A, B, C, D ইত্যাদি।

**Question : Alphabet (বর্ণমালা) কাকে বলে?**

**Answer :** ইংরেজি ভাষায় A থেকে Z পর্যন্ত মোট ছাব্বিশ (২৬)টি Letter (বর্ণ) আছে। এগুলোকে একত্রে Alphabet (বর্ণমালা) বলে।

**Question : Letter (বর্ণ) কয় প্রকার ও কী কী?**

**Answer :** আকৃতির দিক থেকে Letter (বর্ণ) দুই প্রকার। যথা :

1) Capital Letter (ক্যাপিটাল লেটার)-বড়ো আকৃতির বর্ণ।

2) Small Letter (স্মল লেটার)-ছোটো আকৃতির বর্ণ।

**Capital Letter :** বড়ো আকৃতির বর্ণকে Capital Letter বলে। এই আকৃতির বর্ণ সাধারণত ব্যক্তি, স্থান, ধর্মীয় অথবা বড়ো ধরনের পুস্তক, যানবাহন, জাতি, উপাধি বা পদবী শব্দের সংক্ষিপ্ত রূপ ব্যবহারের ক্ষেত্রে এবং বাক্যের প্রথম অক্ষর লিখতে Capital Letter (বড়ো আকৃতির অক্ষর) ব্যবহার করতে হয়। Capital Letter-গুলো নিম্নরূপ :

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| A | B | C | D | E | F | G | H | I |
| J | K | L | M | N | O | P | Q | R |
| S | T | U | V | W | X | Y | Z | |

**Cursive Capital Letter of hand writing (হাতের লেখা বড়ো আকৃতির অক্ষর) :**

*A B C D E F G H I J K L M N*

*O P Q R S T U V W X Y Z*

**Small Letter :** ছোটো আকৃতির বর্ণকে Small letter বলে।

**Small letter-গুলো নিম্নরূপ :**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f | g | h | i |
| j | k | l | m | n | o | p | q | r |
| s | t | u | v | w | x | y | z | |

**Cursive Small Letter of hand writing (হাতের লেখা ছোটো আকৃতির অক্ষর) :**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| *a* | *b* | *c* | *d* | *e* | *f* | *g* | *h* | *i* |
| *j* | *k* | *l* | *m* | *n* | *o* | *p* | *q* | *r* |
| *s* | *t* | *u* | *v* | *w* | *x* | *y* | *z* | |

**Question : Alphabet (বর্ণমালা) কয় প্রকার ও কী কী?**

**Answer :** উচ্চারণের দিক থেকে Alphabet (বর্ণমালা) দুই প্রকার। যথা :

1) Vowel (ভাওয়েল) স্বরবর্ণ। যথা : A, E, I, O, U.

2) Consonant (কনসোন্যান্ট) ব্যঞ্জনবর্ণ। যথা : B, C, D, F, G, H, J, K, L, M, N, P, Q, R, S, T, V,W, X, Y, Z.

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Letter (বর্ণ) কাকে বলে?
2. Alphabet (বর্ণমালা) কাকে বলে?
3. Letter (বর্ণ) কয় প্রকার ও কী কী?
4. Alphabet (বর্ণমালা) কয় প্রকার ও কী কী?
5. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন)।**
   সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো।

**A. Letter অর্থ—**

○ বাক্য ○ বর্ণ
○ বর্ণমালা ○ শব্দ

**B. English Letter ইংরেজি বর্ণ কয়টি?**

○ 11টি ○ 5টি
○ 26টি ○ 21টি

**C. Alphabet কয় প্রকার?**

○ চার প্রকার ○ দুই প্রকার
○ পাঁচ প্রকার ○ তিন প্রকার

# UNIT THREE
# VOWEL AND CONSONANT

## (ভাওয়েল এ্যান্ড কনসোন্যান্ট)-স্বরবর্ণ এবং ব্যঞ্জনবর্ণ

**Question : Vowel (স্বরবর্ণ) কাকে বলে?**

**Answer :** ইংরেজি ভাষায় যেসব Letter (অক্ষর) অন্য Letter-এর সাহায্য ছাড়া নিজে নিজেই উচ্চারিত হতে পারে, সেসব Letter (অক্ষর)-কে Vowel বলে।

**Question : Vowel কয়টি ও কী কী?**

**Answer : Vowel মোট পাঁচটি।** যথা : A, E, I, O, U (a, e, i, o, u)

**Question : Consonant (ব্যঞ্জনবর্ণ) কাকে বলে?**

**Answer :** ইংরেজি ভাষায় যেসব Letter (অক্ষর) Vowel-এর সাহায্য ব্যতিত নিজে নিজে উচ্চারিত হতে পারে না, সেসব Letter (অক্ষর)-কে Consonant বলে।

**Question : Consonant কয়টি ও কী কী?**

**Answer : Consonant মোট ২১টি।** যথা : B, C, D, F, G, H, J, K, L, M, N, P, Q, R, S, T, V, W, X, Y, Z.

**Question : Semi-Vowel (সেমি-ভাওয়েল) অর্ধ-স্বরবর্ণ কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer :** ইংরেজিতে দুটি Letter আছে— এরা Word (শব্দ)-এর শেষে বসলে Vowel হয়। আবার শব্দের প্রথমে বসলে Consonant হয়। এদেরকে Semi-Vowel (অর্ধ-স্বরবর্ণ) বলে। Semi-Vowel দুটি। যথা : W এবং Y. যেমন : Day (দিন) এখানে "Y" Vowel আবার Yak (বন্য ষাঁড়) এখানে "Y" Consonant.

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Vowel (স্বরবর্ণ) কাকে বলে?
2. Vowel কয়টি ও কী কী?
3. Consonant (ব্যঞ্জনবর্ণ) কাকে বলে?
4. Consonant কয়টি ও কী কী?
5. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন) :**
   **সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো।**

   **A. Vowel (স্বরবর্ণ)**

   ○ 11টি ○ 26টি ○ 5টি ○ 10টি

   **B. Consonant (ব্যঞ্জনবর্ণ)**

   ○ 26টি ○ 21টি ○ 5টি ○ 10টি

   **C. Semi-Vowel অর্ধ-স্বরবর্ণ**

   ○ 21টি ○ 5টি ○ 26টি ○ 2টি

# UNIT FOUR
# WORD AND SYLLABLE
## (ওয়ার্ড এ্যান্ড সিল্যাবল)-শব্দ এবং শব্দাংশ

**Question : Word (শব্দ) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer** : কয়েকটি Letter (বর্ণ) মিলে যদি কোনো অর্থ প্রকাশ করে, তাকে Word (শব্দ) বলে । যেমন : M-a-n-g-o = Mango. আবার, একটি Letter-এর মাধ্যমেও একটি Word হতে পারে । যেমন : I am a student. এখানে "I" অর্থ আমি এবং "a" অর্থ একজন ।

**Question : Syllable (শব্দাংশ) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer** : একটি word (শব্দ)-এর যে অংশটুকু Vowel (স্বরবর্ণ) দ্বারা একবারে উচ্চারণ করা যায়, সে অংশটুকুকে Syllable (শব্দাংশ) বলে । যেমন : Ba-na-na = Banana (কলা) ।

**Question : Syllable (শব্দাংশ) কয় প্রকার ও কী কী?**

**Answer** : Syllable (শব্দাংশ) চার প্রকার । যথা :

1) Mono-syllable (মনো-সিল্যাবল)-এক শব্দাংশ উচ্চারণ
2) Di-Syllable(ডাই-সিল্যাবল)-দুই শব্দাংশ উচ্চারণ
3) Tri-syllable (ট্রাই-সিল্যাবল)-তিন শব্দাংশ উচ্চারণ
4) Poly-syllable (পলি-সিল্যাবল)-বহু শব্দাংশ উচ্চারণ

**Question : Mono-syllable (এক শব্দাংশ উচ্চারণ) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer** : যে word (শব্দ) একটি syllable (শব্দাংশ) বিশিষ্ট এবং একবারেই উচ্চারণ করা যায়, একে Mono-syllable বলে । যেমন : Pen, Sun, Man ইত্যাদি ।

**Question : Di-syllable (দুই শব্দাংশ উচ্চারণ) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer** : যে word (শব্দ) দুটি syllable শব্দাংশবিশিষ্ট এবং দুবারে উচ্চারণ করতে হয়, একে Di-syllable বলে । যেমন : Fa-ther = Father, Mo-ther = Mother, Sis-ter = Sister ইত্যাদি ।

**Question : Tri-syllable** (তিন শব্দাংশ উচ্চারণ) কাকে বলে? উদাহরণ দাও ।

**Answer** : যে word (শব্দ) তিনটি syllable (শব্দাংশ) বিশিষ্ট এবং তিনবারে উচ্চারণ করা হয়, একে Tri-syllable বলে । যেমন : Um-bre-lla = Umbrella. Won-der-ful = Wonderful, Beau-ti-ful = Beautiful ইত্যাদি ।

**Question : Poly-syllable** (বহু শব্দাংশ উচ্চারণ) কাকে বলে? উদাহরণ দাও ।

**Answer :** যে word (শব্দ) তিনের অধিক syllable (শব্দাংশ) বিশিষ্ট একে Poly-syllable বলে । যেমন : E-du-ca-tion = Education, U-ni-ver-sity = University, Con-si-de-ra-tion = Consideration ইত্যাদি ।

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Word (শব্দ) কাকে বলে? উদাহরণ দাও ।
2. Syllable (শব্দাংশ) কাকে বলে?
3. Syllable (শব্দাংশ) কয় প্রকার ও কী কী?
4. **Objective Question** (নৈর্ব্যক্তিক প্রশ্ন) ।

সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো :

**A. Pen কোন syllable?**

○ Poly-syllable ○ Di-syllable

○ Tri-syllable ○ Mono-syllable

**B. Mother কোন syllable?**

○ Mono-syllable ○ Poly-syllable

○ Di-syllable ○ Tri-syllable

**C. Education কোন syllable?**

○ Poly-syllable ○ Tri-syllable

○ Mono-syllable ○ Di-syllable

# UNIT FIVE
# SENTENCE
## (সেনটেন্স)-বাক্য

**Question: Sentence (বাক্য) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer :** Sentence অর্থ "বাক্য"। একাধিক word (শব্দ) যদি নিয়ম অনুযায়ী পাশাপাশি বসে মনের একটি সম্পূর্ণ ভাব প্রকাশ করে, তবে একে Sentence (বাক্য) বলে। যেমন : Tanjil goes to school. এখানে কয়েকটি word মিলে তানজিলের বিদ্যালয়ে যাবার ভাবটি প্রকাশ পেয়েছে।

**Question : Sentence (বাক্য) কয়টি অংশে বিভক্ত এবং কী কী?**

**Answer :** Sentence দুটি অংশে বিভক্ত। যথা :

1) Subject (সাবজেক্ট)-উদ্দেশ্য।

2) Predicate (প্রেডিকেইট)-বিধেয়।

**Question : Subject (উদ্দেশ্য) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer** : Subject-এর আভিধানিক অর্থ "উদ্দেশ্য"। Sentence (বাক্য) এ যাকে বা যার উদ্দেশ্যে কিছু বলা হয়, তাকে Subject (উদ্দেশ্য) বলে। যেমন : Nishat is a good student. এখানে Nishat-কে উদ্দেশ্য করে বলা হয়েছে। তাই Nishat হলো Subject.

**Question : Predicate (প্রেডিকেইট) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer** : Sentence (বাক্য)-এ Subject (উদ্দেশ্য) সম্বন্ধে যা কিছু বলা হয় তাকে Predicate বলে। যেমন : Nishat is a good student. এখানে Nishat হলো Subjcet (উদ্দেশ্য) আর Nishat-কে উদ্দেশ্য করে বলা হয়েছে— is a good student. তাই এই অংশটুকু Predicate.

**Question : Sentence (বাক্য) কয় প্রকার ও কী কী?**

**Answer :** Sentence প্রধানত পাঁচ প্রকার। যথা :

1. Assertive Sentence (অ্যাসারটিভ সেনটেন্স)—বিবৃতিমূলক বাক্য।
2. Interrogative Sentence (ইন্টারোগেটিভ সেনটেন্স)—প্রশ্নবোধক বাক্য।

3. Imperative Sentence (ইমপারেটিভ সেনটেন্স)—অনুরোধ, আদেশ-নিষেধসূচক বাক্য।
4. Optative Sentence (অপটেটিভ সেনটেন্স)—ইচ্ছা, অভিলাষ, আশির্বাদসূচক বাক্য।
5. Exclamatory Sentence (এক্সক্লামেটরি সেনটেন্স)—বিস্ময়সূচক, আশ্চর্যবোধক, আবেগসূচক বাক্য।

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Sentence (বাক্য) কাকে বলে?
2. Sentence (বাক্য)-এর কয়টি অংশ এবং কী কী?
3. Subject (উদ্দেশ্য) কাকে বলে? উদাহরণ দাও।
4. Predicate (বিধেয়) কাকে বলে? উদাহরণ দাও।
5. Sentence (বাক্য) সাধারণত কয় প্রকার এবং কী কী?
6. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন) :**

সঠিক উত্তরের পাশে বৃত্ত (◉) ভরাট করো।

**A. Sentence অর্থ—**

○ বাক্য ○ পদ
○ বচন ○ শব্দ

**B. Sentence-এর—**

○ তিনটি অংশ ○ চারটি অংশ
○ দুইটি অংশ ○ পাঁচটি অংশ

**C. Sentence—**

○ দুই প্রকার ○ তিন প্রকার
○ পাঁচ প্রকার ○ চার প্রকার

# UNIT SIX

# PARTS OF SPEECH

## (পার্টস অব স্পীস)-পদ

**Question : Parts of Speech (পদ) কাকে বলে?**

**Answer :** Sentence (বাক্য)-এর প্রত্যেকটি অর্থবোধক word (শব্দ)-কে Parts of Speech (পদ) বলে।

**Question : Parts of Speech (পদ) কয় প্রকার ও কী কী?**

**Answer** : Parts of Speech (পদ) প্রধানত আট প্রকার। যথা :

1. Noun (নাউন)-বিশেষ্য
2. Pronoun (প্রোনাউন)- সর্বনাম
3. Adjective (এড্জেকটিভ)-বিশেষণ
4. Verb (ভার্ব)-ক্রিয়া
5. Adverb (এডভার্ব)-ক্রিয়া বিশেষণ
6. Preposition (প্রিপজিশন)-সম্বন্ধসূচক অব্যয়
7. Conjunction (কনজাংশন)-সংযোজক অব্যয়
8. Interjection (ইন্টারজেকশন)-আবেগসূচক অব্যয়।

**Question : Noun (বিশেষ্য) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer** : Sentence-এ ব্যবহৃত যে word দিয়ে কোনো কিছুর নাম প্রকাশ পায় তাকে Noun বলে। যেমন : Nadim, Tiger, Fish ইত্যাদি। Dhaka is the capital of Bangladesh.

**Question : Noun কয় প্রকার ও কী কী?**

**Answer** : Noun পাঁচ প্রকার। যথা : (1) Proper Noun (প্রপার নাউন)-নামবাচক বিশেষ্য (2) Common Noun (কমন নাউন)-জাতিবাচক বিশেষ্য (3) Material Noun (ম্যাটেরিয়াল নাউন)-বস্তুবাচক বিশেষ্য (4) Collective Noun (কালেকটিভ নাউন)-সমষ্টিবাচক বিশেষ্য (5) Abstract Noun (এবাসট্রাক্ট নাউন)–গুণবাচক বিশেষ্য।

**Question : Pronoun (সর্বনাম) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত Noun-এর পরিবর্তে যে word বসে, তাকে Pronoun বলে। যেমন : I, He, She ইত্যাদি। Rahim is a boy. He is a student.

**Question : Adjective (বিশেষণ) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে Word দ্বারা Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা ইত্যাদি বুঝায়, তাকে Adjective বলে। যেমন : Good, Weak, Nice ইত্যাদি। Nadim is a good student. He is not weak.

**Question : Verb (ক্রিয়া) কাকে বলে? উদাহরণ দাও।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে word দিয়ে কোনো কাজ করা, হওয়া, পড়া, খাওয়া, যাওয়া ইত্যাদি বুঝায়, একে Verb বলে। যেমন : Go, Come, Read ইত্যাদি। I go to school. He eats rice.

**Question : Adverb (ক্রিয়া বিশেষণ) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে word দিয়ে Verb (ক্রিয়া)-এর অবস্থা, সময় পরিমাণ ইত্যাদি প্রকাশ পায়, তাকে Adverb বলে । যেমন : Now, Always, Quickly ইত্যাদি । Now I know my a, b, c. Always speak the truth.

**Question : Preposition (সম্বন্ধসূচক অব্যয়) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে word কোনো Noun বা Pronoun-এর আগে বসে অন্য কোনো word-এর সাথে সম্পর্ক স্থাপন করে, একে Preposition বলে । যেমন : To, On, Of ইত্যাদি । I see a rat on a mat. Point to a book.

**Question : Conjunction (সংযোজক অব্যয়) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে word দুই বা ততোধিক word অথবা Sentence-কে যুক্ত করে, তাকে Conjunction বলে । যেমন : But, And, If ইত্যাদি । Hena is poor but a good student. Look, listen and say.

**Question : Interjection (আবেগসূচক অব্যয়) কাকে বলে? উদাহরণ দাও ।**

**Answer :** Sentence-এ ব্যবহৃত যে word দ্বারা মনের আনন্দ, দুঃখ, ভয়, ঘৃণা, বিস্ময়, ইত্যাদি প্রকাশ পায়, একে Interjection বলে । যেমন : Hurrah!, Alas!, Bravo! ইত্যাদি । Hurrah! We won the game. Alas! He did not get good marks.

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Parts of Speech (পদ) কাকে বলে? এটি কয় প্রকার ও কী কী?
2. Noun কাকে বলে? এটি কয় প্রকার ও কী কী?
3. Pronoun কাকে বলে? উদহারণ দাও ।
4. Adjective কাকে বলে? উদাহরণ দাও ।
5. Verb কাকে বলে? উদাহরণ দাও ।
6. Adverb কাকে বলে? উদাহরণ দাও ।
7. Preposition কাকে বলে? উদাহরণ দাও ।
8. Conjunction কাকে বলে? উদাহরণ দাও ।
9. Interjection কাকে বলে? উদাহরণ দাও ।
10. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন) :**

    সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো ।

    **A. Parts of speech—**

    ○ 3 প্রকার ○ 8 প্রকার ○ 5 প্রকার ○ 2 প্রকার

    **B. Noun—**

    ○ 2 প্রকার ○ 8 প্রকার ○ 5 প্রকার ○ 3 প্রকার

    **C. কোনো কিছুর নাম—**

    ○ Noun ○ Pronoun ○ Verb ○ Adverb

# UNIT SEVEN
# ARTICLE
## (আর্টিকল)-পদাশ্রিত নির্দেশক

**Question : Article (পদাশ্রিত নির্দেশক) কাকে বলে?**

**Answer** : A, An এবং The এই তিনটি word (শব্দ) কোনো ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট বা অনির্দিষ্টভাবে বোঝানোর জন্য ব্যবহৃত হয় বলে এগুলোকে Article বলে। যেমন : **A** book, **An** egg, **The** Pen ইত্যাদি।

**Question : Article (পদাশ্রিত নির্দেশক) কয় প্রকার ও কী কী?**

**Answer :** Article দুই প্রকার। যথা :

(1) Indefinite Article (ইনডিফেনিট আরটিক্ল)-অনির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক।

(2) Definite Article (ডেফিনিট আরটিক্ল)-নির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক।

**Question : Indefinite Article (অনির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক) কাকে বলে? উদাহরণসহ লেখো।**

**Answer :** যে Article কোন ব্যক্তি, বস্তু বা প্রাণীকে অনির্দিষ্ট করে বুঝায়, তাকে Indefinite Article বলে। যেমন :

**Rule (নিয়ম)-1 :** কোনো word (শব্দ)-এর প্রথমে Consonant (ব্যঞ্জনবর্ণ) থাকলে তার পূর্বে "A" বসে। যথা : **A** pen, **A** book, **A** cat ইত্যাদি।

**Rule (নিয়ম)-2 :** কোনো word (শব্দ)-এর প্রথমে Vowel (স্বরবর্ণ) থাকলে তার পূর্বে "An" বসে। যথা : **An** apple, **An** eye, **An** idol, **An** orange, **An** umbrella ইত্যাদি।

**Rule (নিয়ম)-3 :** কোনো word (শব্দ)-এর প্রথমে উচ্চারিত "H" থাকলে এর পূর্বে "A" বসে এবং অনুচ্চারিত "H" থাকলে এর পূর্বে "An" বসে। যথা :

উচ্চারিত "H"→ **A** hotel, **A** house, **A** hook ইত্যাদি।

অনুচ্চারিত "H"→**An** honest man, **An** hour, **An** honourable teacher ইত্যাদি।

**Rule (নিয়ম)-4 :** কোনো শব্দ সংক্ষেপের প্রথম অক্ষর Vowel (স্বরবর্ণ) উচ্চারিত হলে এর পূর্বে "A" বসে এবং Consonant (ব্যঞ্জনবর্ণ) উচ্চারিত হলে এর পূর্বে "An" বসে। যথা :

Vowel-এর ক্ষেত্রে → **An** M.A, **An** M.P., **An** M.B.B.S. ইত্যাদি।

Consonant-এর ক্ষেত্রে→**A** B.A, **A** B.Sc, **A** D.D.P.I. ইত্যাদি।

**Question : Definite Article** (নির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক) কাকে বলে? উদাহরণসহ লেখো।

**Answer :** যে Article (পদাশ্রিত নির্দেশক) কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীকে নির্দিষ্ট করে বুঝায়, তাকে Definite Article বলে। যেমন :

**Rule (নিয়ম)-1 :** কোনো নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণী বুঝাতে তার পূর্বে "The" বসাতে হয়। যেমন : **The** boy, **The** girl, **The** pen, **The** tiger ইত্যাদি।

**Rule (নিয়ম)-2 :** কোনো গুরুত্বপূর্ণ তারিখ, ঘটনা, স্থানের পূর্বে "The" বসাতে হয়। যেমন : **The** first world war, **The** Sompur Bihar ইত্যাদি।

**Rule (নিয়ম)-3 :** সংবাদপত্র, ধর্মগ্রন্থ, মহাকাব্য ইত্যাদির প্রথমে "The" বসাতে হয়। যেমন : **The** Daily Star, **The** Quran, **The** Gitta, **The** Illiod ইত্যাদি।

**Rule (নিয়ম)-4 :** পৃথিবী, চন্দ্র, সূর্য, নদী, সাগর ইত্যাদির পূর্বে "The" বসাতে হয়। যেমন : **The** earth, **The** moon, **The** Bay of Bengal, **The** Padma ইত্যাদি।

**Rule (নিয়ম)-5 :** ধর্ম, জাতি, সম্প্রদায় বুঝাতে "The" বসাতে হয়। যেমন : The Muslim, **The** Bangalies, The rich ইত্যাদি।

## EXERCISE (এক্সারসাইজ)-অনুশীলনী

1. Article (পদাশ্রিত নির্দেশক) কাকে বলে?
2. Article (পদাশ্রিত নির্দেশক) কয় প্রকার ও কী কী?
3. Indefinite Article (অনির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক) কাকে বলে? উদাহরণ দাও।
4. Definite Article (নির্দিষ্ট পদাশ্রিত নির্দেশক) কাকে বলে? উদাহরণ দাও।
5. **Objective Questions (নৈর্ব্যক্তিক প্রশ্ন) :**
   **সঠিক উত্তরের পাশে বৃত্ত (●) ভরাট করো।**

   **A. A, An, The-কে কী বলে?**

   ○ Noun ○ Gender
   ○ Article ○ Sentence

   **B. Article কয় প্রকার?**

   ○ 3 প্রকার ○ 5 প্রকার
   ○ 2 প্রকার ○ 8 প্রকার

   **C. This is —Pen.**

   ○ an ○ one
   ○ the ○ a